# ALL INDIA RADIO, SILCHAR

*************

**EVENING NEWS BULLETIN**

**BENGALI/ বাংলা**

**21 APRIL 2024**

**7:45—7:55 PM IST**

==========================================================

১) শিলচরে আজ প্রবীন বি জে পি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর রোড-শোতে অংশ গ্রহণ ।

২) লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণের পরিপ্রেক্ষিতে রাজ্যে রাজনৈতিক দলগুলির ব্যাপক প্রচারাভিযান ।

৩) কোকরাঝার লোকসভা আসনে সাংসদ নব কুমার শরণীয়ার মনোনয়ন পত্র বাতিল । তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য আগামীকাল মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ।

এবং

৪) শিলচর ও করিমগঞ্জে ভোট কর্মীদের ডি-কোডিং এবং সামগ্রী বিতরণের জন্য নিযুক্ত কর্মীদের আগামী ২৪ ও ২৫ এপ্রিল নির্ধারিত স্থানে উপস্থিত থাকার নির্দেশ ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন এন ডি এ সরকার পুনরায় ক্ষমতায় এলে উন্নয়নের গতি আরো ত্বরান্বিত হবে । আজ শিলচরে এন ডি এ প্রার্থী পরিমল শুক্লবৈদ্যের পক্ষে এক রোড শোয়ে অংশগ্রহণ করে স্বরাষ্ট্রমন্ত্রী একথা বলেন ।স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ আজ বিকেলে শিলচরে পৌঁছে ডি এস এ ময়দান থেকে রাধামাধব রোড পর্যন্ত এক রোড শোয়ে অংশগ্রহণ করেন ।স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , সাংসদ ডাঃ রাজদীপ রায় , এন ডি এ প্রার্থী পরিমল শুক্লবৈদ্য প্রমুখ রোড শোয়ে অংশগ্রহণ করেন ।

---

রাজ্যে লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে বিভিন্ন রাজনৈতিকদল ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রেখেছে । রাজ্যের প্রবীণ বিজেপি নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কার্বি আংলং জেলার বিভিন্ন স্থানে ডিফু লোকসভা আসনের বি জেপি প্রার্থী অমর সিং তিসের পক্ষে প্রচার চালান ।এছাড়া মুখ্যমন্ত্রী আজ বোকাজান বিধানসভা কেন্দ্রের সরিয়হজানে এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন । এর পর তিনি হাওরাঘাট ও বৈঠালাংসুতে অন্য দুটি নির্বাচনী সভায় অংশ নেন ।
অসম গণপরিষদ দলের নেতা তথা রাজ্যের পশুপাল মন্ত্রী অতুল বরা ও স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্ত আজ করিমগঞ্জ লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃপানাথ মালহার হয়ে বাকরশালে এক নির্বাচনী সভায় অংশ গ্রহণ করে বলেন যে বর্তমান সরকারের নিরন্তর প্রচেষ্টায় বরাক উপত্যাকার উন্নয়নের যাত্রাকে ত্বরান্বিত করেছে ।এন ডি এ সরকারের শাসনকালে বরাক ব্রহ্মপুত্রবাসীর সমন্বয়ের ভীত মজবুত হয়েছে বলে শ্রী বরা মন্তব্য করেন ।

রাজ্যের জল সম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা রূপহী বিধানসভা কেন্দ্রের শিঙারি বাজারে দলীয় প্রার্থী সুরেশ বরার পক্ষে নির্বচনী প্রচারে অংশগ্রহণ করেন ।পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া দরং-ওদালগুড়ি লোকসভা আসনের এন ডি এ প্রার্থী দলীপ শইকিয়ার পক্ষে চারটি নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করেন ।
এদিকে ধুবরী লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী রকিবুল হুসেন আজ গোয়ালপারার ডুবাপারে নির্বাচনী প্রচারের উদ্দেশ্যে একটি সাংবাদিক সম্মেলনে বিজেপি এবং এআইইউডিএফ দলের সমালোচনা করেন ।নগাঁও লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী প্রদ্যুৎ বরদলৈ রূপহীহাটের বরালিমারীত এক নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করেন ।উল্লেখ্য রাজ্যে দ্বিতীয় পর্যায়ে ৫ টি লোকসভা কেন্দ্র শিলচর, করিমগঞ্জ ,ডিফু , দরং-ওদালগুরি এবং নগাঁও আসনের জন্য ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে ।

---

শিলচর লোকসভা আসনের নির্বাচনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারের সর্মথনে আজ ঘুংঘুর বাজার , বদরপুর থানা রোড ও বড়যাত্রাপুর বাজারে পথসভা অনুষ্ঠিত হয়েছে । দলের পক্ষ থেকে জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী , অধ্যাপক অজয় রায় , জেলা কমিটির সদস্য হিল্লোল ভট্টাচার্য্য প্রমূখ বক্তব্য রাখেন ।

---

নির্বাচন কমিশন কোকরাঝার লোকসভা আসনের দুবারের সাংসদ নব কুমার শরণীয়ার মনোনয়নোপত্র অবৈধ বলে  ঘোষণা করেছে  ।কোকরাঝার আসনে মোট ১৬ টি মনোনয়নপত্র দাখিল করা হয়েছিল এর মধ্যে নব কুমার শরনীয়ার মনোনয়নপত্র পরীক্ষা করে তা অবৈধ বলে নাকচ করা হয়েছে বলে নির্বাচন আধিকারীক প্রদীপ কুমার দ্বিবেদী জানান । ঐ আসনের সাধারণ পর্যবেক্ষক , নির্বাচন আধিকারীক সহ প্রতিদ্বন্দী প্রার্থী তথা প্রস্তাবকরা মনোনয়নপত্র পরীক্ষার সময় উপস্থিত ছিলেন ।উল্লেখ্য গুয়াহাটী হাইকোর্ট নব কুমার শরনীয়া অনুসূচীত জনজাতির অন্তর্ভুক্ত নয় বলে রাজ্য পর্যায়ের নিরিক্ষণ কমিটির নির্দেশকে প্রত্যাহ্বান জানিয়ে দাখিল করা এক আবেদন ইতিপূর্বে খারিজ করেছে ।

---

রাজ্যের তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য ৬০ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছে । আগামীকাল মনোনয়নপত্র প্রত্যাহারের অন্তিম দিন ধার্য করা হয়েছে ।গতকাল মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করার পর গুয়াহাটী লোকসভা আসনের দুজন প্রার্থীর মনোনয়ন বাতিল করা হয়েছে ।এই আসনের জন্য মোট ১০ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিল ।এই আসনে বিজেপির বিজুলী কলিতা মেধি ও কংগ্রেস দলের মীরা বরঠাকুর গোস্বামী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় অসামরিক সেবা দিবস উপলক্ষে দেশের সব অসামরিক সেবার কর্মী ও আধিকারিকদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামজিক মাধ্যমযোগে এক বার্তা প্রকাশ করে রাষ্ট্রপতি অদম্য মনোভাব নিয়ে দেশের প্রগতিতে অসামরিক সেবার কর্মীরা কাজ করে আসছে বলে উল্লেখ করা সহ ১৯শো ৪৭ সালে সর্দার বল্লভবাই পেটেলের উল্লেখ করা ৩টি বুনিয়াদী মূল্যবোধ মর্যাদা , অখন্ডতা এবং সচ্ছতা অক্ষুন্ন রাখার জন্য গতিশীলতা রক্ষার ক্ষেত্রে অসামরিক সেবার কর্মীরা সর্বদা প্রত্যাহ্বানের মোকাবিলা করে আসছেন বলে উল্লেখ করেন । এদিকে উপরাষ্ট্রপতি দেশের প্রশাসনীয় পরিকাঠামোর উন্নয়নে অসামরিক সেবার কর্মীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে দেশের অগ্রগতিতে বিশেষ অবদান রেখে চলেছে বলে উল্লেখ করেন ।

---

আজ মহাবীর জয়ন্তী । জৈন ধর্মের ২৪তম তীর্থাঙ্কর ভগবান মহাবীর জৈনের জয়ন্তী হিসেবে এই উৎসব পালন করা হয় । ভগবান মহাবীর অহিংসা , সত্য , ব্রহ্মচর্য , সংযমের মত জৈন আদর্শের মাধ্যমে শান্তিপূর্ণ সহাবস্থান এবং বিশ্ব ভ্রাতৃত্ব বোধের পথ দেখিয়ে গেছেন ।

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাবীর জয়ন্তী উপলক্ষে দেশের জনসাধারণকে বিশেষকরে জৈন ধর্মাবলম্বী লোকেদের শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি বলেছেন যে অহিংসা ও করুণার প্রতীক স্বরূপ ভগবান মহাবীরের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে পালন করা এই উৎসব আমাদের স্নেহ-ভালবাসা এবং শান্তির বার্তা প্রদান করে । তিনি বলেন যে ভগবান মহাবীর একটি আদর্শ ও সভ্য সমাজ গড়ে তুলতে অহিংসা , ব্রহ্মচর্য , সত্য এবং ত্যাগের পথ দেখিয়ে গেছেন এবং তার এই শিক্ষা মানব জাতির কল্যাণের জন্য সর্বদা প্রাসঙ্গিক হয়ে থাকবে ।

উপরাষ্ট্রপতি এক বার্তায় বলেছেন যে ভগবান মহাবীর আমাদের শান্তিপূর্ণ , সমৃদ্ধিশালী এবং সম্প্রীতিতে ভরা সমাজ গড়ার পথ দেখিয়ে গেছেন ।

প্রধানমন্ত্রী তার বার্তায় বলেছেন যে ভগবান মহাবীরের শান্তি , সংযম ও সদিচ্ছার বার্তা সমূহ উন্নত ভারত গড়ার ক্ষেত্রে অনুপ্রেরণার উৎস হিসেবে পরিগণিত হচ্ছে ।

---

শিলচর সংসদীয় আসনের পার্সোনাল সেলের ভারপ্রাপ্ত আধিকারক এক নির্দেশে জানিয়েছেন যে ভোট কর্মীদের নিয়োগপত্রের ডি-কোডিং এর জন্য নিযুক্তিপ্রাপ্ত সব কর্মীদের আগামী ২৪ ও ২৫ এপ্রিল সকাল ৭টায় শিলচর রামনগরের আই-এস-বি-টির ডি কোডিং সেন্টারে উপস্থিত থাকতে হবে । ওই দুদিন শিলচর ডাক বাংলো থেকে রামনগর আই-এস-বি-টিতে তাদের যাতায়াতের জন্য সকাল ৬টা থেকে যানবাহনের ব্যবস্থা করা হয়েছে । ডি-কোডিং-এর জন্য নিযুক্তিপ্রাপ্ত ভোটকর্মীদের আগামীকাল দুপুর দুটোয় শিলচরের উন্নয়ন ভবণ সংলগ্ন জ্যোতি কলাকেন্দ্রে প্রশিক্ষণ গ্রহনের জন্য উপস্থিত থাকতে বলা হয়েছে ।

---

আগামী ২৬ এপ্রিল করিমগঞ্জ লোকসভা আসনের ভোট গ্রহণের জন্য করিমগঞ্জ জেলার প্রিসাইডিং ও পোলিং অফিসাররা ২৪ ও ২৫ এপ্রিল করিমগঞ্জ কলেজের খেলার মাঠের নির্ধারিত মেটেরিয়াল ডিষ্ট্রিবিউশন কাউন্টার থেকে ই-ভি-এম , ভি-ভি-প্যাট ও অন্যান্য ভোট সামগ্রী সংগ্রহ করে ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওয়ানা দেবেন । এতে করিমগঞ্জ জেলার ১ হাজার ৫৮টি ভোট কেন্দ্রের জন্য ভোট কর্মীদের ২৪ এবং ২৫ এপ্রিল দু-দিন ৪৮টি নির্ধারিত কাউন্টার থেকে ই-ভি-এম , ভি-ভি-প্যাট ও অন্যান্য ভোট সামগ্রী বিতরণ করা হবে । করিমগঞ্জের জেলা নির্বাচন আধিকারক ওই ই-ভি-এম , ভি-ভি-প্যাট বিতরণ করার জন্য নিযুক্তিপ্রাপ্ত কর্মচারীদের ২৪ ও ২৫ এপ্রিল সকাল ৭টায় কলেজ মাঠের নির্ধারিত কাউন্টারে উপস্থিত থাকার নির্দেশ দিয়েছেন । একই সঙ্গে ২৬ এপ্রিল ভোট গ্রহণের দিন সংশ্লিষ্ট সবাইকে ভোট গ্রহণ করা সিল্ড ই-ভি-এম সমঝে নেওয়ার জন্য বিকেল ৩টায় নিজ নিজ কাউন্টারে এসে রিপোর্ট করতে বলা হয়েছে । এতে , ২৬ জন কর্মীকে বিতরণের কাজে রিজার্ভ হিসেবে নিযুক্ত করা হয়েছে এবং তাদেরও ওই একই সময়ে নির্ধারিত স্থানে গিয়ে রিপোর্ট করতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দির জেলা ম্যাজিষ্ট্রেট নির্সাগ হিভারে গৌতম এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে করিমগঞ্জ লোকসভার অধীন হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রের প্রচার অভিযান আগামী ২৪শে এপ্রিল বিকেল পাঁচটায় শেষ হবে । এজন্য ২৪শে এপ্রিল বিকেল পাঁচটার পর কোন রাজনৈতিক দলের কর্মকর্তা প্রচার করতে পারবেন না । এছাড়া নির্বাচন অবাধ ও সুষ্টভাবে সম্পন্ন করার জন্য ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । এই নিষেধাজ্ঞা কোন ধর্মীয় অনুষ্ঠান ও বিবাহের ক্ষেত্রে প্রযোজ্য হবে না ।

---

শিলচর লোকসভা আসনের নির্বাচনের মডেল কোড অব কন্ডাক্ট সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক সব স্বীকৃত রাজনৈতিক দলের সভাপতি, সাধারন সম্পাদক ও সকল প্রতিদ্বন্দী প্রার্থীদের ভোটের দিন ভোট কেন্দ্রের দুশ মিটার ব্যসার্ধের মধ্যে নির্বাচনী বুথ খোলা যাবে না বলে জানিয়েছেন । এছাড়া কমিশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত পর্য্যবেক্ষক এবং দায়িত্বপ্রাপ্ত আধিকারীক বা পুলিশ আধিকারীক ছাড়া অন্য কোন ব্যাক্তি পোলিং বুথে মোবাইল ফোন বহন এবং ব্যবহার করতে পারবেন না ।

---

নেশন্যাল টেষ্টিং এজেন্সি ( জাতীয় পরীক্ষণ সংস্থা ) বিশ্ববিদ্যালয় অনুদান কমিশনকে চলতি বছরের জুন মাসে অনুষ্ঠেয় জাতীয় যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা ইউ-জি-সি নেট এর জন্য পঞ্জীয়ন প্রক্রিয়া আরম্ভ করতে বলেছে । এই পঞ্জীয়ন প্রক্রিয়া আগামী ১০ মে পর্যন্ত অব্যাহত থাকবে এবং অন-লাইনযোগে পরীক্ষার মাশুল আগামী ১২ মে পর্যন্ত জমা করা যাবে । উল্লেখ্য যে নেট পরীক্ষায় উত্তীর্ণ হলে জুনিয়র রিসার্স ফেলশিপ প্রদান করা হয় এবং এই পরীক্ষায় উত্তীর্ণ হওয়া প্রার্থীরা উচ্চশিক্ষা প্রতিষ্ঠান গুলিতে সহকারী অধ্যাপক পদে আবেদন করার যোগ্যতা লাভ করেন । এছাড়াও এই পরীক্ষার ভিত্তিতে প্রার্থীরা মোট ৮৩টি বিষয়ে পি এইচ ডি পাঠ্যক্রমে নাম নথিভুক্ত করার জন্য আবেদন করার যোগ্যতা লাভ করেন ।

==========================================================